গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.acl.netrokonasadar.netrakona.gov.bd

স্মারকনং-৩১.৪৫.৭২৭৪.০০৫.৪৩.০০১.২০-১৪

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

## জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি

**(বিজ্ঞপ্তি নম্বর-১/২০২৬)**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী নেত্রকোণা সদর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একর পর্যন্ত) ইজারাযোগ্য জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লি./সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলি, ও চেকলিস্ট অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

### সময়সূচি

| অনলাইনে আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের ব্যিডি/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ /১৫ জানুয়ারি ২০২৬ খ্রি. হতে ১৫ মাঘ১৪৩২ বঙ্গাব্দ /২৯ জানুয়ারি ২০২৬ খ্রি. | ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ /০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. হতে ২০ মাঘ ১৪৩২বঙ্গাব্দ /০৩ ফেব্রুয়ারি ২০২৬খ্রি.(সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত)। |

### ইজারাযোগ্য জলমহালের তালিকা:

| ক্রমিক নং. | ইজারাযোগ্য জলমহালের নাম | ইউনিয়ন/পৌরসভার নাম | জলমহালের আয়তন (একরে) | সরকারি ইজারা মূল্য | ইজারার মেয়াদকাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | দুর্গাশ্রম পুকুর | ঠাকুরাকোণা | ০.৭৩ | ৫৬৯৭/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ২ | ভাওয়াল বিল | মৌগাতি | ১১.৭০ | ৩৪৭৫৭/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ৩ | শিবপ্রসাদপুর বদ্ধ জলমহাল | আমতলা | ১২.০৯ | ১২৯৯৪/- | ১৪৩৩-১৪৩৫ | |

০১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতনকর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোনো আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে । এছাড়া পরবর্তীতে কোনো জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে ।

০৩. জলমহালেরইজারাসংক্রান্তবিজ্ঞপ্তিটি (www.netrokonasadar.netrokona.gov.bd ও www.acl.netrokonasadar.netrokona.gov.bd) ওয়েবসাইটেও পাওয়া যাবে।

০৪. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ ,অনুযায়ী ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্যের উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ করে নির্দিষ্ট ফরমে (যা নীতিমালার পরিশিষ্ট-"ক" এ উল্লেখ রয়েছে) আবেদন দাখিল করতে হবে।

০৫. পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূল কপি ৫০০/-(পাঁচশত) টাকা জমার রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

০৬. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েবপোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৭. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলায় সংরক্ষিত জলমহাল বাক্সে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর জলমহাল ইজারা প্রাপ্তির আবেদনকথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে। খামের বাম পার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৮. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

CamScanner

০৯. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোনো আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালি আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০. কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোনো অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এবং জলমহাল ইজারা সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলি এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যে কোনো আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

০৫/০১/২০২৬

আসমা বিনতে রফিক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা

স্মারক নং-৩১.৪৫.৭২৭৪.০০৫.৪৩.০০১.২৬-১৪

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১. জেলা প্রশাসক, নেত্রকোণা ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো:
১. উপজেলা..................................কর্মকর্তা (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. চেয়ারম্যান/প্রশাসক..........................ইউ.পি (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা। তাকে অত্র বিজ্ঞপ্তি তার এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য বলা হলো।
৪. জনাব ....................................সদস্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. সম্পাদক---------------------------নেত্রকোণা । ইজারা বিজ্ঞপ্তিটি (৫×১২) ইঞ্চি ০১ (এক) দিন তার পত্রিকার ভিতরে পাতায় প্রকাশপূর্বক ০২ (দুই) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো (অনুলিপিসমূহ পত্রিকা বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত নহে)।
৬. জনাব.......................................................সভাপতি/সম্পাদক...................................................মৎস্যজীবী সমবায় সমিতি লি. নেত্রকোণা সদর, নেত্রকোণা ।
৭. নোটিশ বোর্ড/অফিস কপি।

০৫/০১/২০২৬

মোঃ শামিছুজ্জামান আসিফ
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা
Email:aclandnetsadar@gmail.com

CS CamScanner